

## 💵 কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পুলসিরাত ও জান্নাতের মধ্যে একটি প্রতিবন্ধক গেট

যখন মুমিনগণ পুলসিরাত অতিক্রম করে জাহান্নাম থেকে মুক্তি পাবেন আর আল্লাহ তা'আলা শাফাআতের অনুমতি দিয়ে বহু সংখ্যক লোককে জাহান্নাম থেকে মুক্তি দান করবেন তখন যে সকল মানুষ দ্বারা অন্যেরা ক্ষতিগ্রস্ত হয়েছে তারা পুলসিরাতের প্রতিবন্ধক গেটে আটকা পড়ে যাবে। তাদের আটকে দেওয়া হবে এ জন্য, যে সকল মানুষের অধিকার সে ক্ষুন্ধ করেছে তাদের প্রতিকার আদায় করা হবে তার থেকে।

এ প্রসঙ্গে হাদীসে এসেছে: আবুল মুতাওঞ্জিল আন-নাজী থেকে বর্ণিত, আবু সায়ীদ আল খুদরী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

يَخْلُصُ المُؤْمِنُونَ مِنَ النَّارِ، فَيُحْبَسُونَ عَلَى قَنْطَرَةٍ بَيْنَ الجَنَّةِ وَالنَّارِ، فَيُقَصُّ لِبَعْضِهِمْ مِنْ بَعْضٍ مَظَالِمُ كَانَتْ» 
«بَيْنَهُمْ فِي الدُّنْيَا، حَتَّى إِذَا هُذِّبُوا وَنُقُوا أُذِنَ لَهُمْ فِي دُخُولِ الجَنَّةِ

"মুমিনগণ জাহান্নাম থেকে মুক্তি পাবে কিন্তু তারা জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী একটি গেটে আটকে যাবে। তখন দুনিয়াতে তারা একজন অপর জনের প্রতি যে যুলুম ও অন্যায় আচরণ করেছে তার প্রতিকার ও বিচার করা হবে। যখন দায়মুক্ত হবে ও তারা পবিত্র হবে তখন জান্নাতে প্রবেশের অনুমতি পাবে"।[1]

হাফেয ইবন হাজার রহ. বলেছেন, সম্ভবত এরাই হবে আরাফবাসী। যারা অন্য লোকের অধিকার হরণ বা তাদের ওপর যুলুম-অত্যাচার করার কারণে জান্নাতে প্রবেশের পথে আটকে যাবে।

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৬৫৩৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13543

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন